

১১৪  
২০/১০/২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ  
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর



সংস্করণ নং ০৫(৫৩৩) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫১৪৬

তারিখ: ১৭/১০/২০২৪ খ্রিঃ

**২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার  
প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়নের আবেদন প্রসঙ্গে বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য আগামী ২০/১০/২০২৪ তারিখ হতে ৩০/১০/২০২৪ তারিখ পর্যন্ত **online**-এ আবেদন করা যাবে।

**Pay Slip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলীঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <https://www.nu.ac.bd/=>Services=>Re-scrutiny> or <http://103.113.200.36/PAMS/ICTUnit/Re-scuting.aspx> থেকে Online-এ আবেদন ফরম পূরণ করে Pay Slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যেকোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা- নগদ, বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমনঃ AMERICAN EXPERESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়ন ফি- প্রতিপত্র ১০০০/- (এক হাজার) টাকা।

(মোঃ এন্সমুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : [controller@nu.ac.bd](mailto:controller@nu.ac.bd)